

হাই স্কুল হোমওয়ার্ক নীতিমালা

- কোনো অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে হোমওয়ার্ক মূল্যায়ন:
 - যদি হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট অনলাইনে পোস্ট করা হয় তাহলে সেক্ষেত্রে এইসব অ্যাসাইনমেন্ট যে দিন অনলাইনে পোস্ট করবেন সেদিন অবশ্যই ক্লাশে শেয়ার/আলোচনা করতে হবে। অনলাইন প্ল্যাটফর্মসমূহকে অবশ্যই এমনভাবে ব্যবহার করতে হবে যা হোমওয়ার্ক মূল্যায়ন ও সংগ্রহকে সহজতর করবে, এমনভাবে করা যাবে না যেন সেটি শিক্ষকের সাথে শিক্ষার্থীর ব্যক্তিগত যোগাযোগের স্থলাভিষিক্ত হয়। উদাহরণস্বরূপ, যদি একজন শিক্ষককে দিনের কোনো সময় সেটি বিবেচনা করা ব্যতীত শিক্ষার্থীদেরকে অবহিত করা ছাড়াই কোনো অ্যাসাইনমেন্ট অনলাইনে পোস্ট করতে হয় তাহলে তারা সেটি সম্পন্ন হবে এমন প্রত্যাশা করতে পারেন না।
 - অনলাইনে বন্টনকৃত সকল অ্যাসাইনমেন্ট অবশ্যই স্কুল দিবস শেষ হওয়া ও ক্লাশে ঘোষিত হওয়ার পূর্বেই পোস্ট করতে হবে অন্যথায় শিক্ষার্থীদের কাছ থেকে সেটি পরের দিন ফেরত পাওয়ার প্রত্যাশা করা যাবে না। উদাহরণস্বরূপ, যদি একজন শিক্ষক মঙ্গলবার রাতের সন্ধ্যা 5:00 টায় হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট পোস্ট করেন তাহলে সেই হোমওয়ার্ক বৃহস্পতিবার ক্লাসের আগ পর্যন্ত কার্যতালিকায় যুক্ত করা যাবে না।
 - কোনো অ্যাসাইনমেন্ট পোস্ট করার বিষয়টি এমনভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যেন সেই অ্যাসাইনমেন্টের জন্য প্রয়োজনীয় সকল উপকরণের পরিচয় করিয়ে দেওয়া। উদাহরণস্বরূপ, যদি একজন শিক্ষক ক্লাসে একটি সমস্যা সেট ঘোষণা করেন এবং বলেন যে তারা সমস্যাগুলোর তালিকাটি পরে অনলাইনে পোস্ট করবেন তাহলে সেই সমস্যার তালিকা অনলাইনে পোস্ট না করা পর্যন্ত কার্য তালিকায় যুক্ত হিসেবে বিবেচিত হবে না।
- যে সকল শিক্ষক স্কুলের ছুটির সময়ে হোমওয়ার্ক প্রদান করছেন তারা অবশ্যই হোমওয়ার্ক সম্পন্ন করার জন্য ছুটির আগে বা পরে পর্যাপ্ত সময় দিবেন। এটি নিচের ছুটিসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে: থ্যাঙ্কসগিভিং ছুটি, শীতকালীন ছুটি, ফেব্রুয়ারির ছুটি এবং এপ্রিলের ছুটি।
 - কোনো ছুটি শেষ হওয়ার প্রথম দুই দিনের মধ্যে জমা দিতে হবে এমন অ্যাসাইনমেন্ট অবশ্যই ছুটি শুরু হওয়ার তিন স্কুল দিবস পূর্বে প্রদান করতে হবে। উদাহরণস্বরূপ, যদি কোনো ছুটি শুক্রবার থেকে সোমবার পর্যন্ত স্থায়ী হয়, তাহলে ছুটি শেষ হওয়ার পরের সোমবারে জমা দিতে হবে এমন অ্যাসাইনমেন্ট অবশ্যই ছুটির আগের বুধবার প্রদান করতে হবে। এছাড়াও, ছুটির পরের মঙ্গলবার জমা দিতে হবে এমন অ্যাসাইনমেন্ট অবশ্যই ছুটির আগের বৃহস্পতিবারের মধ্যেই প্রদান করতে হবে।
 - একজন শিক্ষক কোনো ছুটির আগের বৃহস্পতিবার কোনো অ্যাসাইনমেন্ট দিতে পারবেন যদি সেটি ছুটির আগের শুক্রবারের জন্য প্রদান করা হয় এবং একজন শিক্ষক ছুটির পরের সোমবার নির্ধারিত তারিখ বিবেচনা ছাড়াই কাজ দিতে পারবেন।
 - ছুটি শেষ হওয়ার দুই দিনের মধ্যে শিক্ষকগণ কোনো পরীক্ষা দিতে পারবেন না।
 - ওয়ান সেমিস্টার AP ক্লাসসমূহ এই প্রবিধানের মধ্যে পড়ে না।
- শিক্ষকগণ প্রোজেক্ট, অ্যাসেসমেন্ট ও হোমওয়ার্ক এর ক্ষেত্রে পর্যাপ্ত সময় রেখে সমতা বিধান করবেন যাতে সকল শিক্ষার্থী এই সকল অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে পারে এবং সেক্ষেত্রে স্কুল সেশন চলমান থাকার বিষয়টি বিবেচনা ব্যতিরেকেই শিক্ষার্থীগণ কর্তৃক আয়োজিত ও উদযাপিত ধর্মীয় ছুটিসমূহের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে।

- a. যদি ক্লাসের একটি উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী ছুটি উদযাপন করে: ছুটির কমপক্ষে এক স্কুল দিবস পূর্বে হোমওয়ার্ক অ্যাসাইনমেন্টসমূহ প্রদান করতে হবে এবং জমা দেওয়ার সময়সীমা এবং/বা কাজ শেষ করার সময়সীমা অবশ্যই ছুটি শেষ হওয়ার এক স্কুল দিবস পরে হতে হবে। প্রোজেক্ট ও পরীক্ষাসমূহের ক্ষেত্রেও এই একই নীতিমালা প্রযোজ্য হবে।
 - b. যদি ক্লাসের ক্ষুদ্র একটি অংশ ছুটি উদযাপন করে: শিক্ষার্থীগণ বিকল্প অ্যাসাইনমেন্ট বা বর্ধিতকরণের ব্যবস্থা করার জন্য শিক্ষকের সাথে কথা বলবে এবং অ্যাসাইনমেন্টের ক্রেডিট হারাতে না। পিতাগণও শিক্ষকদের সাথে কথা বলে ব্যবস্থা করতে পারবেন।
4. তুষারপাতের দিনে হোমওয়ার্ক প্রদান বা সংগ্রহ করা যাবে না। তবে যাইহোক, এই প্রবিধানকে স্কুলের সুপারিন্টেন্ডেন্ট কর্তৃক বর্ধিত বিরূপ আবহাওয়ার ক্ষেত্রে “ব্লিজার্ড ব্যাগ” অনুমোদন করা করার জন্য ব্যবহার করা যাবে না। যদি কোনো শিক্ষক কোনো তুষারপাতের দিনের পূর্বে একটি হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট প্রদান করেন তাহলে সেই অ্যাসাইনমেন্ট অবশ্যই শিক্ষার্থীগণ স্কুলে ফেরত আসার দিনের জন্য ধার্য করা হবে।
 5. সকল অ্যাসাইনমেন্ট স্কুল চলার সময়ের জন্য ধার্য করতে হবে। যদি শিক্ষকগণ অ্যাসাইনমেন্টের সময়সীমা বর্ধিত করতে চান তাহলে নতুন সময়সীমা অবশ্যই পরবর্তী কোনো স্কুল দিবস হতে হবে।
 6. অতিরিক্ত ক্রেডিট অ্যাসাইনমেন্টসমূহের জন্য স্কুলে অতিরিক্ত সময় ব্যয় করা যাবে না।
 - a. শিক্ষার্থীগণ অতিরিক্ত ক্রেডিটের জন্য যোগদান করতে পারে এমন মিটিংসমূহ শিক্ষকগণ ক্লাসের বাইরে আয়োজন করতে পারবেন না।
 - b. তাছাড়া শিক্ষকগণ শিক্ষার্থীদেরকে অতিরিক্ত ক্রেডিটের জন্য উপহারসামগ্রী বা ক্লাশরুমের উপকরণসমূহ নিয়ে আসার জন্য বলতে পারবেন না।
 7. অ্যাসাইনমেন্টসমূহের ক্ষেত্রে আর্থিক সঙ্কটগ্রস্থ শিক্ষার্থীদের জন্য আর্থিক সহায়তা থাকা ব্যতীত শিক্ষার্থীদেরকে মৌলিক স্কুল উপকরণের বাইরে অতিরিক্ত অর্থ ব্যয় করতে বাধ্য করা যাবে না।
 8. ক্লাশের সময়ের পরে বর্ধিত হওয়া সময়ে কোনো ফিল্ড ট্রিপে যোগদান না করার কারণে শাস্তি দেওয়া যাবে না বা ক্লাশের বাকী অংশ ফিল্ড ট্রিপে থাকা অবস্থায় ক্লাশসমূহে সম্পন্ন করার জন্য প্রত্যাশিত কাজসমূহের বাইরে অতিরিক্ত কাজ দেওয়া যাবে না। যদি কোনো ফিল্ড ট্রিপে যোগদানের জন্য ক্রেডিট দেওয়া হয় তাহলে ফিল্ড ট্রিপের অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট একটি তুলনামূলক অ্যাসাইনমেন্ট প্রদান করতে হবে যা ক্লাশ পিরিয়ডের মধ্যেই সম্পন্ন করা যাবে।
 9. যদি পরীক্ষার সপ্তাহে চতুর্মাসিক পরীক্ষা থাকে তাহলে শিক্ষকগণকে সেটি নির্ধারিত তারিখেই সম্পন্ন করতে হবে। যদি পরীক্ষাটি একাদিক দিনে পড়ে তাহলে শিক্ষকগণ সেগুলোর সূচী এমনভাবে নির্ধারণ করবেন যাতে দুটি প্রধান পরীক্ষার তারিখের একটি অন্তর্ভুক্ত করা হয়। শিক্ষকগণ তাদের চতুর্মাসিক পরীক্ষার সূচী সাপ্তাহিক পরীক্ষার তারিখের পূর্বে নির্ধারণ করার জন্য তাদের বিভাগের সমন্বয়কের সাথে কাজ করতে পারবেন।
 10. যখন কোনো শিক্ষার্থী প্রদত্ত হোমওয়ার্ক সম্পন্ন করার জন্য সংগ্রামরত থাকে তাহলে তারা সমস্যাটির ব্যাপারে সর্বপ্রথম তাদের শিক্ষকের সাথে কথা বলবেন। যদি সমস্যাটির সমাধান না হয় তাহলে শিক্ষার্থী বাড়তি সহায়তার জন্য তার গাইডেন্স কাউন্সেলর, বিশেষ শিক্ষা লিয়াজো বা ডিনের সাথে কথা বলবে।

হাই স্কুল অধ্যক্ষগণ এই নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে হোমওয়ার্ক সংক্রান্ত নিয়ম জারি করতে পারবেন।